

জাতীয়

আগুন ও যান্ত্রিক ত্রুটিতে বড়পুকুরিয়ার দুই ইউনিট বন্ধ



প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: বুধবার, ০৭ অক্টোবর ২০২৬, ১০:৩৮ AM



দিনাজপুরের বড়পুকুরিয়া কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্রের চালু থাকা ১ ও ৩ নম্বর ইউনিট বন্ধ হয়ে গেছে। অগ্নিকাণ্ড ও যান্ত্রিক ত্রুটির কারণে ইউনিট দুটির বিদ্যুৎ উৎপাদন পুরোপুরি বন্ধ রয়েছে। এতে উত্তরাঞ্চলে আবারও বিদ্যুৎ সংকটের আশঙ্কা দেখা দিয়েছে।

মঙ্গলবার ভোর ৫টা ১০ মিনিটে কেন্দ্রটির ১ নম্বর ইউনিটের আইঅ্যান্ডসি (ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল) সেকশনের বৈদ্যুতিক লাইনে শর্টসার্কিট হয়। এ সময় সেখানে আগুন ধরে যায়।

আগুনের প্রভাবে সচল থাকা ৩ নম্বর ইউনিট ঝুঁপ করে তাৎক্ষণিকভাবে বন্ধ হয়ে যায়। এতে কেন্দ্রটির বিদ্যুৎ উৎপাদন পুরোপুরি বন্ধ হয়ে যায়।

বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী মো. আবু বক্কর সিদ্দিক কেন্দ্রটির উৎপাদন বন্ধের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান,

দ্রুত উৎপাদন চালুর চেষ্টা চলছে।

কেন্দ্র সূত্রে জানা গেছে, সম্প্রতি ১২৫ মেগাওয়াট ক্ষমতার ১ নম্বর ইউনিট এবং ২৭৫ মেগাওয়াট ক্ষমতার ৩ নম্বর ইউনিট সচল ছিল। ২০২০ সাল থেকে যান্ত্রিক ত্রুটির কারণে ২ নম্বর ইউনিটটি বন্ধ রয়েছে।

সচল থাকা ১ নম্বর ইউনিট থেকে প্রায় ৬৫ মেগাওয়াট এবং ৩ নম্বর ইউনিট থেকে প্রায় ১৭০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছিল।

২০১৭ সালে ২৭৫ মেগাওয়াট ক্ষমতার ৩ নম্বর ইউনিটটি স্থাপন করা হয়। প্রায় আট বছর চালু থাকার পর ২০২৪ সালের ১ নভেম্বর যান্ত্রিক ত্রুটির কারণে এটি বন্ধ হয়ে যায়।

দীর্ঘ ১৮ মাস ২০ দিন বন্ধ থাকার পর প্রায় দুই মাস আগে ইউনিটটি আবার চালু করা হয়েছিল। এর পরপরই অগ্নিকাণ্ডের ঘটনায় ৩ নম্বর ইউনিটও বন্ধ হয়ে গেল।

এখন কেন্দ্রটির ১ ও ৩ নম্বর ইউনিট দুটিই বন্ধ। ফলে বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে জাতীয় গ্রিডে কোনো বিদ্যুৎ সরবরাহ করা যাচ্ছে না। এতে উত্তরাঞ্চলে বিদ্যুৎ সংকট আরও বাড়ার আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা।

এ বিভাগের আরও খবর



ঢাকায় বৃষ্টির আভাস নেই, বাড়তে পারে তাপমাত্রা
রাজধানী ঢাকা ও আশপাশের এলাকায় বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা নেই। তবে আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলা থাকতে পারে। একই সঙ্গে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকত...



শিশুদের শৈশব হতে হবে নিরাপদ ও সুরক্ষিত: ডা. জুবাইদা রহমান
জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস চেয়ারম্যান ডা. জুবাইদা রহমান বলেছেন, শিশুদের শৈশব হতে হবে নিরাপদ। তাদের ভবিষ্যৎ হতে হবে সুরক্ষিত। তবেই ন...



বাংলাদেশে গাড়ি উৎপাদন কারখানা স্থাপন করতে চায় টয়োটা
টয়োটা ভূশো করপোরেশনের ভাইস চেয়ারম্যান ইচিরো কাশিতানির নেতৃত্বে একটি উচ্চপর্ষায়ের প্রতিনিধিদল প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক...



জুলাই যোদ্ধাদের সুরক্ষা ও দায়মুক্তি সাংবিধানিকভাবে নিশ্চিত হবে: স্বরাষ্ট্রমন্ত্রী
জুলাই যোদ্ধাদের সুরক্ষা ও দায়মুক্তি সাংবিধানিকভাবে নিশ্চিত করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। মঙ্গলবার (৬ অক্টোবর) বিক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/agun-o-jantrik-trutite-brpukuriyar-dui-iunit-bndh>